


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।
✉ shariatpurgovcollege1978@gmail.com


তারিখ: ০৩রা সেপ্টেম্বর ২০২৬

**নজরুল বর্ষ উপলক্ষ্যে সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৬ সংক্রান্ত বিজ্ঞপ্তি:**

শরীয়তপুর সরকারি কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২৫শে মে ২০২৬ হতে ২৫শে মে ২০২৭ পর্যন্ত 'নজরুল বর্ষ' হিসেবে পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। 'নজরুল বর্ষ' উপলক্ষ্যে দেশব্যাপী সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের নির্দেশিকা মোতাবেক আগামী **১৫ই সেপ্টেম্বর ২০২৬** তারিখ মঙ্গলবার শরীয়তপুর সরকারি কলেজে নজরুলের জীবন ও সৃজন বিষয়ক প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। যে-সকল শিক্ষার্থী নিম্নবর্ণিত প্রতিযোগিতার বিষয়সমূহে অংশগ্রহণে ইচ্ছুক, তাদের **আগামী ১২-০৯-২০২৬ খ্রি.** তারিখের মধ্যে নাম জমা দেওয়ার জন্য বলা হলো।

**প্রতিযোগিতার বিষয়সমূহ:** ১। কবিতা আবৃত্তি (সাম্যবাদী- কাজী নজরুল ইসলাম) ২। নজরুল গীতি
৩। নজরুল ইসলাম রচিত হামদ-এ এলাহি/নাত-এ রাসুল (সা.) ও ৪। রচনা

**রচনা প্রতিযোগিতার নির্দেশনা:**

- **রচনার বিষয়-"সাম্য ও মানবতার কবি কাজী নজরুল ইসলাম"**
- রচনা বাড়ি থেকে লিখে আনতে হবে।
- অনধিক ২০০০ শব্দের মধ্যে রচনা সম্পন্ন করতে হবে।
- A4 সাইজের কাগজে লিখতে হবে (একটি পাতার উভয় পৃষ্ঠায় লেখা যাবে না, এক পৃষ্ঠা ফাঁকা রাখতে হবে।)

- একজন প্রতিযোগী যে-কোনো **তিনটি** ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে।
- **যেসব তথ্য দিতে হবে:** নাম, শ্রেণি/বর্ষ, শাখা/বিভাগ, সেশন, শ্রেণিরোল, রেজি.নম্বর, মোবাইল নম্বর ও প্রতিযোগিতার বিষয়সমূহ।
- **আগামী ১৫ই সেপ্টেম্বর ২০২৬ তারিখ মঙ্গলবার প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে (২০২ নং কক্ষ, সকাল ১০:০০ টায়)।**
- ফলাফল নির্ধারণে বিচারকমন্ডলীর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**নাম জমা দেওয়ার স্থান:** (বিভাগে/Whatsapp-এ নাম জমা দেওয়া যাবে।)

| | | |
|---|---|---|
| জনাব কাজল কৃষ্ণ কুন্ডু | সহকারী অধ্যাপক, গণিত বিভাগ | Whatsapp-01715302420 |
| জনাব রাসেল খান | সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ | Whatsapp-01712901790 |
| জনাব সরকার মোহাম্মদ শফিউল্লাহ দিদার | প্রভাষক, ইস. ইতি ও সংস্কৃতি বিভাগ | Whatsapp-01712320188 |
| জনাব কাওছার আহমেদ | প্রভাষক, ব্যবস্থাপনা বিভাগ | Whatsapp-01914347359 |
| জনাব মোঃ ইব্রাহিম | প্রভাষক, দর্শন বিভাগ | Whatsapp-01722332020 |

০৩/৯/২৬

(প্রফেসর মোঃ ফজলুল হক)
আইডি নং-১৯০২
অধ্যক্ষ
শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।
মোবাইল: ০১৩২৬৭৭৯১৯৬

০৩/০৯/২৬

(মো. আরেফুল আজম)
আহ্বায়ক
সাহিত্য ও সাংস্কৃতিক কমিটি
শরীয়তপুর সরকারি কলেজ, শরীয়তপুর।
০১৯১৩৮০৮২৭৯

CamScanner